

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০৬/০১/২০২০ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে কোটার মেধা তালিকায় ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক ফরমের ১কপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে। তারপর কলেজের হিসাব শাখায় ফরমের ফটোকপি, পূরণকৃত রশিদ ও নির্ধারিত ফি জমা দিয়ে ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের কোর্স পরিবর্তন হয়েছে, তাদের পূর্বের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে তার ভর্তি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে পরিবর্তিত কোর্সের ফরম প্রিন্ট করে সংশ্লিষ্ট কমিটির নিকট অবশ্যই জমা দিতে হবে। এক্ষেত্রে কোন ফি প্রদান করতে হবে না। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে পূর্বের কোর্সের ভর্তি বহাল থাকবে।

১। ভর্তির তারিখ, সময় ও স্থান:

| বিভাগ | ভর্তির তারিখ | ভর্তির সময় | ভর্তির স্থান |
|--|--------------|--------------------------|--------------|
| বিএ/বিএসএস/বিবিএস/বিএসসি (পাস) ১ম বর্ষ | ০৮/০১/২০২০ | সকাল ১০.০০-দুপুর ১.০০ টা | হিসাব শাখা |

২। প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- (ক) চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের প্রিন্টকপি এবং এটির ফটোকপি- ১কপি;
(খ) ১০" X ১৪" সাইজের খামে নাম, ক্লাস রোল, বিভাগ, শিক্ষাবর্ষ, রক্তের গ্রুপ এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
(গ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র এবং প্রত্যেকটির ফটোকপি- ১কপি।
(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ২কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি- ২কপি।


৩। ফি বিবরণী:

| বিভাগ | ছাত্রদের ক্ষেত্রে প্রযোজ্য ফি | ছাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য ফি |
|-------------------|-------------------------------|--------------------------------|
| বিএ/বিএসএস/বিবিএস | ২,৯৫১/- | ২,৯৪৫/- |
| বিএসসি | ৩,০৭১/- | ৩,০৬৫/- |

বিঃ দ্রঃ ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী অপরিবর্তিত থাকবে।


(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


০৬/০১/২০২০

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। আহ্বায়ক, ২০১৯-২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল।
- ৫। সংরক্ষণ নথি।